

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ৫, ২০২০

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৬ মাঘ ১৪২৬/২০ জানুয়ারি ২০২০

নম্বর : ০৮.০০.০০০০.৪২১.৮৪.০৮৩.১৯.৩৫—প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব জনাব  
সাজাদুল হাসান বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৫ ব্যাচের কর্মকর্তা হিসাবে  
যোগদানপূর্বক প্রায় ৩২ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১০ জানুয়ারি ২০২০  
তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেন।

২। একজন প্রাঞ্জ, বিচক্ষণ ও সৃজনশীল কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ  
অবদান রাখার জন্য জনাব সাজাদুল হাসান-কে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু  
কামনা করে মন্ত্রিসভার ২৪ পৌষ ১৪২৬/০৮ জানুয়ারি ২০২০ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব  
গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

( ২০০৯ )  
মূল্য : টাকা ৮.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : ২৪ পৌষ ১৪২৬  
০৮ জানুয়ারি ২০২০

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব জনাব সাজ্জাদুল হাসান বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডরের ১৯৮৫ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক প্রায় ৩২ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১০ জানুয়ারি ২০২০ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন।

বর্ণাত্য কর্মজীবনের শুরুতে জনাব সাজ্জাদুল হাসান মাঠপ্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত ছিলেন। পরে তিনি জেলা প্রশাসক হিসাবে কক্ষবাজার এবং সিলেট জেলার দায়িত্ব দক্ষতা ও সুনামের সঙ্গে পালন করেন। এছাড়া সিলেট বিভাগের বিভাগীয় কমিশনার হিসাবেও তিনি দায়িত্ব পালন করেন। জনাব সাজ্জাদুল হাসান জনপ্রশাসন মন্ত্রণালয়; কৃষি মন্ত্রণালয়; শিল্প মন্ত্রণালয়; সড়ক বিভাগসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগে কর্মরত ছিলেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার একান্ত সচিব-১ হিসাবে পারদর্শিতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। সর্বশেষ তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব ও সিনিয়র সচিব হিসাবে অদ্যাবধি দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

কর্মজীবনে জনাব সাজ্জাদুল হাসান সততা, নিষ্ঠা, দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব হিসাবে তাঁর সেবা ও কর্তব্যপরায়ণতা বিশেষভাবে উল্লেখযোগ্য। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মন্ত্রিসভাকে সর্বাত্মক সহায়তা প্রদান করা ছাড়াও সরকারের নীতি ও কর্মসূচির বাস্তবায়ন সমষ্টি ও পরিবীক্ষণের ক্ষেত্রে তিনি নিষ্ঠা ও প্রজ্ঞার স্বাক্ষর রেখেছেন।

একজন প্রাজ্ঞ, বিচক্ষণ ও সূজনশীল কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব সাজ্জাদুল হাসান-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে। মন্ত্রিসভা আশা প্রকাশ করছে যে, সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
 ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)